

মনি ও মযির পরিচয় ও হুকুম

প্রশ্ন:

যদি বীর্য বের হয়ে শুধু গুপ্তাংগেই লেগে থাকে, কাপড়ে কিংবা শরীরে লাগার পূর্বেই পরিষ্কার করে ফেলা হয়, তাহলেও কি গোসল করতে হবে? বিস্তারিত জানানোর অনুরোধ রইল।

প্রশ্নকারী-আবদুর রহমান

উত্তর:

লজ্জাস্থান হতে নির্গত যে তরল পদার্থটিকে বীর্য বলা হয়, তা ছাড়াও আরেকটি তরল পদার্থ লজ্জাস্থান হতে বের হয়, যাকে ‘মযি’ বলা হয়। অযু গোসলের ক্ষেত্রে উভয়টার বিধান ভিন্ন। আপনার প্রশ্ন থেকে মনে হচ্ছে, বিষয় দুটি সম্পর্কে আপনার ধারণা সম্ভবত পরিষ্কার নয়। তাই নিচে আমরা প্রত্যেকটির পরিচয় ও বিধান উল্লেখ করছি।

ক. মযি: শারীরিক উত্তেজনার সময় পানির মতো রং, তবে পানির চেয়ে একটু গাঢ় ও কিছুটা পিচ্ছিল যে পদার্থ বের হয় এবং যেটা বের হওয়ার মাধ্যমে উত্তেজনা স্তিমিত হয় না; বরং বাড়ে, সেটাকে মযি বলা হয়। মযি বের হলে অযু ভেঙ্গে যায়। এক্ষেত্রে লজ্জাস্থান ধুয়ে নিলে এবং অযু করে নিলেই চলবে। তবে কাপড়ে বা শরীরের অন্য কোথাও লাগলে, তা নাপাক হয়ে যাবে এবং তখন তা ধুয়ে পাক করতে হবে।

খ. মনি বা বীর্য: বাংলায় যেটাকে বীর্য বলা হয়, আরবীতে সেটাকে মনি বলা হয়। শারীরিক উত্তেজনার চূড়ান্ত পর্বে প্রচণ্ড উত্তেজনা নিয়ে গাঢ় যে পদার্থ লজ্জাস্থান থেকে বের হয় এবং যেটা বের হলে উত্তেজনা স্তিমিত হয়ে যায়, সেটাকে মনি বলা হয়। মনি বের হলে; তা কাপড়ে বা শরীরের অন্য কোথাও লাগুক বা না লাগুক, গোসল ফরয হয়ে যায়। কাপড় বা শরীরে লাগলে সেটাও নাপাক হয়ে যায়।

অতএব, গুপ্তাংগ থেকে বাস্তবেই যদি বীর্য তথা মনি বের হয়, তাহলে অবশ্যই গোসল করতে হবে। শুধুমাত্র গুপ্তাংগ ধুয়ে নিলে যথেষ্ট হবে না। পক্ষান্তরে মযি হলে, তা ধুয়ে অযু করে নিলেই চলবে; গোসল করতে হবে না। -মাবসূতে সারাখসি: ১/৬৭; বাদায়েউস সানায়ে: ১/৩৬-৩৭, হেদায়া: ১/১৯

والله تعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৮-০৩-১৪৪৩ হি.

১৬-১০-২০২১ ঈ.

